বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন
৭-৯,কাওরান বাজার,ঢাকা।

অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি সম্পর্কিত ১৮তম সভার কার্যবিবরণী।

সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মোঃ বায়েজিদ সরোয়ার, চেয়ারম্যান।
সভার তারিখ ও সময় : ০৩ আগষ্ট ,সকাল-১১.০০ টা,
সভার স্থান : বোর্ডকক্ষ, বিটিএমসি,ঢাকা।

১। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভায় বিস্তারিত উপস্থাপনের জন্য প্রধান নিরীক্ষক কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধান নিরীক্ষক জনাব মো:গোলাম ফয়সাল আলোচ্যসূচী অনুযায়ী গত ৩০/০৬/২০১৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। পাঠান্তে কোন সংশোধন/ সংযোজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় (উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্তি-১)।

২। অতপর: বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য বিষয়ে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১:সাধারণ /অগ্রিমএর ব্রডশীট জবাব প্রস্তুত ও বাণিজ্যিক অডিট অধিদপ্তরে/মন্ত্রণালয়ে প্রেরণ সংক্রান্ত। | ১। বিটিএমসি প্রধান কার্যালয় ও উহার নিয়ন্ত্রনাধীন মিল/প্রতিষ্ঠানসমূহের বিপরীতে নতুন উত্থাপিত সাধারণ/অগ্রিম অনুচ্ছেদের ব্রডশীট জবাব নির্ধারিত সময়ের মধ্যে প্রদানপূর্বক নিষ্পত্তি হার বৃদ্ধির জন্য সভাপতি গুরুত্বারোপ করেন। প্রধান নিরীক্ষক বলেন যে, আলোচ্য মাসে নতুন কোন আপত্তি উত্থাপিত হয়নি। মে ,১৬ মাসে উত্থাপিত সাধারন আপত্তির মধ্যে সুন্দরবন টেক্সটাইল মিলস্ লি (মুল ইউনিট) এর ১ম ব্রডশীট জবাব প্রদানের জন্য মিলকে লিখিত ও মৌখিকভাবে তাগিদ দেয়া হয়েছে। এছাড়াও তিনি জানান যে<br>২।(ক) রাজশাহী টেক্সটাইল মিলের ৯ টি সাধারন আপত্তির ১ম ব্রডশীট জবাব বিটিএমসির পত্র নং -২৯৭,তাং-১৮/০৭/১৬ দ্বারা বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>(খ) সুন্দরবন টেক্সটাইল মিলস্ লি(মুল ইউনিট) এর ২টি ও (নীলকমল ইউনিট) এর ১ টি অগ্রিম আপত্তির পুন :ব্রডশীট জবাব যথাক্রমে বিটিএমসির পত্র নং-৩০৪ও ৩০৫,তাং-২৫/০৭/১৬ এর মাধ্যমে বস্ত্র ও পাট মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়েছে।<br>(গ) সুন্দরবন টেক্সটাইল মিলস্ লি : (মুল ইউনিট) এর ১ টি অগ্রিম আপত্তির ১ম ব্রডশীট জবাব বিটিএমসির পত্র নং-৩২৫ তাং-২৮/০৭/১৬ এর মাধ্যমে বস্ত্র ও পাট মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৩। বিটিএমসি প্রধান কার্যালয়ের ৭ টি অগ্রিম আপত্তির ১ম ব্রডশীট জবাব বিটিএমসির পত্র নং-২৯৬,তাং-১৮/০৭/১৬ খ্রি: এর মাধ্যমে বস্ত্র ও পাট মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়েছে। | ১। বাণিজ্যিক অডিট অধিদপ্তরে উত্থাপিত আপত্তি নিস্পত্তির লক্ষ্যে অবিলম্বে মিল/ প্রতিষ্ঠান/সংস্থার ব্রডশীট জবাব দ্রুত বিটিএমসির নিরীক্ষা বিভাগে প্রেরণ করতে হবে।<br>২। মিল/প্রতিষ্ঠান/ সংস্থার সংশ্লিষ্ট বিভাগ হতে সংগ্রহ করে ব্রডসীটের জবাব (সংস্থার মতামতসহ) দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মিলের প্রধান/ প্রতিষ্ঠান প্রধান/ সংশ্লিষ্ট বিভাগ<br>নিরীক্ষা বিভাগ।<br>নিরীক্ষা বিভাগ। |
| ২.২: ত্রি-পক্ষীয় ও দ্বি-পক্ষীয় সভার আয়োজন সংক্রান্ত। | ১। প্রধান নিরীক্ষক বলেন যে,দ্বি-পক্ষীয় ও ত্রি- পক্ষীয় সভা করা জন্য আলাপ ও যোগাযোগ অব্যাহত রয়েছে। দিনাজপুর টেক্সটাইল মিলের ৬ টি অগ্রিম আপত্তির উপর ত্রি-পক্ষীয় সভা করার জন্য ২৬/০৫/২০১৬ খ্রি: তারিখে দিন ধার্য করা থাকলেও পরিবহন ধর্মঘটজনিত করনে সভা অনুষ্ঠিত হয়নি; পুনরায় তারিখ নির্ধারনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br>২। ভালিকা উলেন মিলের ২০ টি সাধারন আপত্তি সম্বলিত দ্বি -পক্ষীয় সভার কার্যপত্র বিটিএমসির পত্র নং -৩২৩,তাং-২৭/০৭/২০১৬ দ্বারা বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। তিনি আরও বলেন ,যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অডিট সংক্রান্ত সভায় প্রতি দুইমাস অন্তর ৪০টি সাধারন আপত্তি ও ৫০টি অগ্রীম আপত্তি নিস্পত্তির লক্ষ্যে সভা করার জন্য কার্যপত্র প্রেরন করতে হবে। | (১) অডিট আপত্তি দ্রুত নিস্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) অডিট আপত্তি দ্রুত নিস্পত্তির জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভা করার লক্ষ্যে দ্বি-পক্ষীয় সভার কার্যপত্র বানিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | মিলের প্রধান/ নিরীক্ষা বিভাগ।<br>মিলের প্রধান/ নিরীক্ষা বিভাগ। |

অপর পাতা/২

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td>২.৩:রাজশাহী জোনের সংকলনভূক্ত আপত্তির অগ্রগতি সংক্রান্ত।</td>
<td>১। রাজশাহী জোনের সংকলনভুক্ত৮ টি আপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রধান নিরীক্ষক সভায় জানান যে, আলোচিত ৮ টি অনুচ্ছেদের মধ্যে ২টি নিস্পত্তির প্রক্রিয়াধীন আছে মর্মে নিরীক্ষা অধিদপ্তর থকে ৩০/৮/২০১৫খ্রিঃ তারিখের পত্র নং ১০৬/১ মাধ্যমে জানানো হয় । অবশিষ্ট ৬ টি আপত্তির পূন : জবাব চেয়ে নিম্নবর্নিত মিলসমূহে তাগিদ পত্র দেয়া হয়েছে। দিনাজপুর টেক্সটাইল মিলের টি আপত্তির বিষয়ে মন্ত্রণালয়ের পত্র নং -২৪৭, তাং-১৩/০৬/১৬ খ্রিঃ এর মাধ্যেমে মন্ত্রনালয়ের সুপারিশসহ বানিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট মিলদ্বয় এর বিষয়ে বানিজ্যিক অডিট অধিদপ্তর, ঢাকা এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।
<table>
<tr><th>ক্রঃনং</th><th>মিলের নাম</th><th>সাল ও অনুচ্ছেদ</th></tr>
<tr><td>১।</td><td>দিনাজপুর টেক্স মিলস্</td><td>১৯৯৫-৯৬.অনু:৭.০০ (আংশিক)</td></tr>
<tr><td>২।</td><td>ঐ</td><td>১৯৯৫-৯৬,অনু:৩.০০</td></tr>
<tr><td>৩।</td><td>কুড়িগ্রাম টেক্স: মিলস্</td><td>২০০০-০১,অনু:৪.০০</td></tr>
<tr><td>৪।</td><td>ঐ</td><td>২০০০-০১,অনু:৪.০০</td></tr>
<tr><td>৫।</td><td>রাজশাহী টেক্সঃ মিলস</td><td>১৯৭৭-৭৮,অনু:৬৭.০০</td></tr>
<tr><td>৬।</td><td>ঐ</td><td>১৯৮৩-৮৪,অনু:২[illegible].০০</td></tr>
</table>
<br>২। বেংগল টেক্সটাইল মিলের ২ টি সংকলনভুক্ত আপত্তি বিটিএমসির পত্র নং-২৯৫, তাং-১৪/০৭/২০১৬ খ্রিঃ এর মাধ্যমে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে ।
<br><br>৩।সংকলনভুক্ত আপত্তিসমূহ নিস্পত্তির বিষয়ে ব্রডশীট জবাব প্রদানের জন্য সংশ্লিষ্ট মিলে তাগিদ দেয়া অব্যাহত রয়েছে। জবাব পাওয়া গেলে মন্ত্রনালয়ের মাধ্যমে বানিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে।</td>
<td>১। রাজশাহী জোনের সংকলনভুক্ত আপত্তির বিষয়ে বানিজ্যিক অডিট অধিদপ্তর এর সাথে যোগাযোগ করে অগ্রগতি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
<br><br>২। সংকলনভুক্ত অনিস্পন্ন অডিট আপত্তি নিস্পত্তির বিষয়ে অগ্রগতি নিয়মিত বস্ত্র ও পাট মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
<br>৩।আপত্তির জবাব/পুনঃজবাব সংগ্রহের যথাযথ ব্যবস্থা গ্রহন করতে হবে।</td>
<td>নিরীক্ষা বিভাগ।<br><br>নিরীক্ষা বিভাগ।<br><br>নিরীক্ষা বিভাগ।</td>
</tr>
<tr>
<td>২.৪:অনিস্পন্ন অডিট আপত্তির সঠিক সংখ্যা/ শ্রেনীবিণ্যাস ও সংকলনভুক্ত আপত্তির সংখ্যার গড়মিল বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে মিলিকরণ।</td>
<td>আপত্তির সংখ্যার গড়মিল মিলিকরণের বিষয়ে প্রধান নিরীক্ষক জানান যে, আপত্তির সংখ্যা অডিট অধিদপ্তরের সাথে আপাতত কোন গড়মিল পরিলক্ষিত হচ্ছে না। তবে কোন মিলে গড়মিল থাকলে তা জানানোর জন্য মিলগুলোকে পত্র দেয়া হয়েছে ।</td>
<td>অনিস্পন্ন অডিট আপত্তির সঠিক সংখ্যা ও শ্রেণীবিন্যাস (সাধারন,অগ্রীম ও সংকলনভুক্ত) করে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যাচাই/ মিলিকরণ করতে হবে;</td>
<td>সংশ্লিষ্ট মিলের প্রধান নিবার্হী/ নিরীক্ষা বিভাগ।</td>
</tr>
<tr>
<td>২.৫:ক্রমপুঞ্জিভুত অডিট আপত্তির সংখ্যা ও নিস্পত্তি।</td>
<td>প্রধান নিরীক্ষক সভায় জানান যে মোট ১৭,৯৫৯ টি আপত্তির মধ্যে,জুলাই- ১৬ পর্যন্ত ১৫,০৯১ টি আপত্তি নিস্পত্তি হয়েছে, অবশিষ্ট আপত্তির সংখ্যা ২৮৬৮ টি। জুলাই-১৬ মাসে বিটিএমসি প্রধান কার্যালয়ের ৫ টি সাধারন আপত্তি নিস্পত্তি হয়েছে। আলোচ্য মাসে নতুন কোন আপত্তি উত্থাপিত হয়নি।
<br>(ক) নিস্পত্তির চিত্রঃ
<table>
<tr><th>গত মাসের মোট আপত্তি</th><th>নতুন প্রাপ্ত</th><th>মোট</th><th>নিস্পত্তি</th><th>অনিস্পন্ন</th></tr>
<tr><td>২৮৭৩</td><td>০০</td><td>২৮৭৩</td><td>০৫</td><td>২৮৬৮</td></tr>
</table>
(খ) আপত্তির শ্রেণী বিন্যাস:-
<table>
<tr><th>সাধারন</th><th>অগ্রিম</th><th>ডিপি</th><th>সংকলনভুক্ত</th><th>মোট</th></tr>
<tr><td>১৯৪১</td><td>৮৮৮</td><td>০৭</td><td>৩২</td><td>২৮৬৮</td></tr>
</table></td>
<td>সংস্থার হিসাব বিভাগ/মিল /প্রতিষ্ঠান থেকে ব্রডসীট জবাব সংগ্রহ করে সংস্থার মন্তব্যসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং মন্ত্রণালয়ের অডিট সভার নির্দেশনা অনুযায়ী দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের জন্য কার্যপত্র প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরনের বিষয়ে আরও সচেষ্ট হতে হবে।</td>
<td>মিলের প্রধান নির্বাহী / নিরীক্ষা বিভাগ।</td>
</tr>
</table>

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.৬: বিবিধঃ | (১) প্রধান নিরীক্ষক সভায় জানান যে, সফ্টওয়ার এর মাধ্যমে ডাটা-বেইজ প্রস্তুতেরবিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে<br>(২) প্রধান নিরীক্ষক আরও জানান যে, অডিট সংক্রান্ত সভার নোটিশ,কার্যবিবরণী ও মাসিক প্রতিবেনসমূহ সংশ্লিষ্ট হালনাগাদ সকল তথ্যাদি নিয়মিত ওয়েব-সাইটে সন্নিবেশ করা হয়। | ১। সফট্ওয়ার এর মাধ্যমে ডাটা-বেইজ প্রস্তুতের কার্যক্রম গ্রহন করতে হবে।<br>২। মাসিক প্রতিবেদন ও অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি সংস্থার ওয়েবসাইটে প্রতিনিয়ত সন্নিবেশ করতে হবে। | নিরীক্ষা বিভাগ, মোঃ হাফিজুর রহমান, হিসাব কর্মকর্তা। |
| | (৩) প্রধান নিরীক্ষক সভায় জানান যে, (ক) টংগী ও নারায়নগঞ্জ জোন এবং বিটিএমসি প্রধান কার্যালয়ের হিসাব বিভাগের আওতায় বিক্রিত,শ্রমিক-কর্মচারীদের নিকট হস্তান্তরিত ১৭টি মিলের ৫২২ টি অমীমাংসিত আপত্তিসমূহ নিস্পত্তি তরান্বিত করার উপায় সম্পর্কে কর্মপরিকল্পনা গ্রহন ও বাস্তবায়নের লক্ষ্যে নিরীক্ষা বিভাগের ৪ জন কর্মকর্তার মধ্যে কর্মবন্টন ও দায়িত্ব প্রদান করা হয়েছে। | ৩। (ক) বিক্রিত , শ্রমিক-কর্মচারীদের নিকট হস্তান্তরিত মিলসমূহ অমীমাংসিত আপত্তিসমূহ মীমাংসার লক্ষ্যে নিরীক্ষা বিভাগে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগন মতামত ও গৃহীত কার্যক্রম সম্পর্কে পরবর্তী সভায় উপস্থিত থেকে মতামত প্রদান করবেন। | নিরীক্ষা বিভাগ। |
| | (খ) তিনি আরও জানান যে, নারায়নগঞ্জ জোনের বিক্রিত,শ্রমিক-কর্মচারীদের নিকট হস্তান্তরিত ৩টি মিলের ১৪৬ টি আপত্তি দীর্ঘ দিন যাবৎ অমীমাংসিত রয়েছে। আপত্তিসমূহ নিস্পত্তি বিষয়ে দায়িত্ব প্রাপ্ত মিলের মহাব্যবস্থাপক/মিল-ইনচার্জ এর কার্যকরী উদ্যোগ ও সহযোগীতা প্রয়োজন ।<br>(গ)সভায় এ প্রসংগে চিত্তরঞ্জন কটন মিলের মহাব্যবস্থাপক জনাব সফিকুল ইসলাম জানান যে, হস্তান্তরিত/বিক্রিত মিলগুলোর সংশ্লিষ্ট নথিপত্র না পাওয়ায় জবাব প্রদানে অন্তরায় হচ্ছে। তিনি বলেন যে, মিল হস্তান্তরকালে নথিপত্র সংরক্ষন করা হলেও পরবর্তীতে বিভিন্ন সময়ে বিভিন্ন স্থানে স্থানান্তর করায় সংশ্লিষ্ট নথির প্রকৃত অবস্থা নির্নয় করা যাচ্ছে না। | (খ ও গ) নারায়নগঞ্জ জোনের বিক্রিত, শ্রমিক-কর্মচারীদের নিকট হস্তান্তরিত ৩টি মিল, আহমেদ বাওয়ানী টেক্স এবং চিত্তরনঞ্জন কটন মিলসহ মোট ৫টি মিলের আডিট আপত্তি নিস্পত্তির বিষয়ে সংশ্লিষ্ট মিল কর্তৃক গ্রহীত কার্যক্রম সম্পর্কে আগামী সভায় মিলের মহাব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগন উপস্থিত থেকে বিস্তারিত উপস্থাপন করবেন। | নিরীক্ষা বিভাগ /মহাব্যবস্থাপক আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলস্ |
| | (ঘ) প্রধান নিরীক্ষক সভায় জানান যে, টংগী জোনের বিক্রিত,শ্রমিক-কর্মচারীদের নিকট হস্তান্তরিত ৭টি মিলের ১৬১ টি আপত্তি টি আপত্তি দীর্ঘদিন যাবৎ অমীমাংসিত রয়েছে। আপত্তিসমূহ নিস্পত্তি বিষয়ে দায়িত্বপ্রাপ্ত মিলের মহাব্যবস্থাপক/মিল-ইনচার্জ এর কার্যকরী উদ্যোগ ও সহযোগীতা প্রয়োজন । | (ঘ) টংগী জোনের বিক্রিত,শ্রমিক-কর্মচারীদের নিকট হস্তান্তরিত ৭টি মিল এবং কাদেরিয়া টেক্সটাইল মিলসহ মোট ৮টি মিলের আডিট আপত্তি নিস্পত্তির বিষয়ে সংশ্লিষ্ট মিল কর্তৃক গ্রহীত কার্যক্রম সম্পর্কে আগামী সভায় মিলের উপ-মহাব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগন উপস্থিত থেকে বিস্তারিত উপস্থাপন করবেন। | নিরীক্ষা বিভাগ/ উপ-মহাব্যবস্থাপক, কাদেরিয়া টেক্সটাইল মিলস্ |
| | (চ) প্রধান নিরীক্ষক সভায় জানান যে, বিটিএমসি প্রধান কার্যালয়ের হিসাব বিভাগের আওতায় বিক্রিত,শ্রমিক-কর্মচারীদের নিকট হস্তান্তরিত ৫টি মিলের ২১৫ টি অমীমাংসিত আপত্তিসমূহ নিস্পত্তি তরান্বিত করার বিষয়ে হিসাব বিভাগের কার্যকরী উদ্যোগ ও সহযোগীতা প্রয়োজন । | (চ)বিটিএমসি প্রধান কার্যালয়ের হিসাব বিভাগের আওতায় বিক্রিত,শ্রমিক-কর্মচারীদের নিকট হস্তান্তরিত ৫টি মিলের ২১৫ টি অমীমাংসিত আপত্তিসমূহ নিস্পত্তি তরান্বিত করার বিষয়ে হিসাব বিভাগের কর্তৃক গ্রহীত কার্যক্রম সম্পর্কে আগামী সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাগন উপস্থিত থেকে বিস্তারিত উপস্থাপন করবেন। | নিরীক্ষা বিভাগ/ হিসাব বিভাগ। |
| | (ছ) প্রধান নিরীক্ষক সভায় জানান যে, বিটিএমসি প্রধান কার্যালয়ের ৩৫৮টি আপত্তি নিস্পত্তি তরান্বিত করার লক্ষ্যে ২৪/০৪/১৬ ইং তারিখের স্মারক নং-৩১৬ এর মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির গৃহীত কার্যক্রম সম্পর্কে পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | (ছ) বিটিএমসি প্রধান কার্যালয়ের ৩৫৮টি আপত্তি নিস্পত্তি তরান্বিত করার লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | মোঃ মহিউদ্দিন উপ-প্রধান হিসাব রক্ষক ও আহবায়ক সংশ্লিষ্ট কমিটি |

৩। অতপর:সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত-০২/০৮/১৬ খ্রিঃ
(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ বায়েজিদ সরোয়ার)
চেয়ারম্যান
ও
সভাপতি, অডিট আপত্তি দ্রুত নিস্পত্তি সংক্রান্ত কমিটি
বিটিএমসি, ঢাকা।